

📖 সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ১১০০

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকুতে যেতে ও রুকু থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْإِفْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرُ ذَلِكَ ، وَاخْتِلَافِ
الرِّوَايَاتِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْعَلَاءِ ، ثنا أَبُو الْأَشْعَثِ ، ثنا مُحَمَّدُ بْنُ بَكْرٍ ، ثنا شُعْبَةُ ، عَنْ
يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ ، قَالَ : سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي لَيْلَى يَقُولُ : سَمِعْتُ الْبَرَاءَ فِي
هَذَا الْمَجْلِسِ يُحَدِّثُ قَوْمًا مِنْهُمْ كَعْبُ بْنُ عُجْرَةَ ، قَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ - حِينَ افْتَتَحَ الصَّلَاةَ رَفَعَ يَدَيْهِ فِي أَوَّلِ تَكْبِيرَةٍ

বাংলা

১১০০(১৯). আহমাদ ইবনে আলী ইবনুল আলা (রহঃ) ... ইবনে আবু লায়লা (রহঃ) বলেন, আমি আল-বারাআ (রাঃ)-কে এই মজলিসে একদল লোকের নিকট হাদীস বর্ণনা করতে শুনেছি, তাদের মধ্যে কা'ব ইবনে উজরা (রাঃ)-ও ছিলেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি যখন নামায শুরু করতেন তখন প্রথম তাকবীরে তাহরীমায়) তাঁর দুই হাত উপরে উত্তোলন করতেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইবনু আবু লায়লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80889>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন